

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৮২

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭) ওযু করা এবং তা পরিপূর্ণ করার প্রতি উদ্ধুদ্ধ করণ

الترغيب في الوضوء وإسباغه

আরবী

(صحيح) وَعَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ تَوَضَّاً فَأَحْسَنَ الْوُضُوءَ خَرَجَتْ خَطَايَاهُ مِنْ جَسَدِهِ حَتَّى تَخْرُجَ مِنْ تَحْتِ أَظْفَارِهِ فَأَحْسَنَ الْوُضُوءَ خَرَجَتْ خَطَايَاهُ مِنْ جَسَدِهِ حَتَّى تَخْرُجَ مِنْ تَحْتِ أَظْفَارِهِ وَفِي رواية أَن عثمان توضاً ثُمَّ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّاً مِثْلَ وَفِي رواية أَن عثمان توضاً ثُمَّ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّا مَثْلُهُ إِلَى وُضُوبِي هَذَا ثُمَّ قَالَ مَنْ تَوَضَّا هَكَذَا غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ وَكَانَتْ صَلَاتُهُ وَمَشْيُهُ إِلَى الْمَسْجِد نَافِلَةً

رواه مسلم والنسائي مختصرا

বাংলা

১৮২. (সহীহ) উছমান বিন আক্ষান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেনঃ ''যে ব্যাক্তি ওযু করে এবং সুন্দরভাবে তা সম্পন্ন করে, তার পাপ সমূহ তার শরীর থেকে বের হয়ে যায়। এমনকি তার নখের নীচে থেকেও বের হয়।'' (মুসলিম ৬০১, আহমাদ ৪৭৬)

অন্য এক বর্ণনায় আছে- উছমান (রাঃ) একদা ওযু করলেন, অতঃপর বললেনঃ

আমি দেখেছি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমার এই ওযুর মতই ওযু করেছেন, অতঃপর বলেছেনঃ "যে ব্যাক্তি এইভাবে ওযু সম্পাদন করবে, তার পূর্বকৃত পাপরাশি ক্ষমা করা হবে এবং তার সালাত ও মসজিদে গমণ নফল বা অতিরিক্ত হবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ২৪৫ এবং সংক্ষিপ্তভাবে নাসাঈ ১/৯১, ইবনে খুযায়মাহ ১/৪, ইবনে মাজাহ ২৮৫)

তবে নাসাঈর শব্দরুপ এইভাবে- তিনি (উছমান (রাঃ) বলেনঃ আমি শুনেছি, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ



مَا مِنْ امْرِئِ يَتَوَضَّأُ فَيُحْسِنُ وُضُوءَهُ إِلَّا غُفِرَ لَهُ مَا بَيْنَهُ وَيَيْنَ الصَّلَاةِ الْأُخْرَى حَتَّى يُصلِّيّهَا

''যে ব্যাক্তি ওযু করে এবং সুন্দরভাবে তা সম্পন্ন করে, তবে উক্ত সালাত এবং পরবর্তী সালাত আদায় করা পর্যন্ত মধ্যবর্তী সময়ের পাপ তাকে ক্ষমা করা হয়।''

(হাদীছটির সনদ শাইখাইন তথা বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী। আর নাসাঈর বর্ণনার ন্যায় সংক্ষিপ্তভাবে ইবনু খুযায়মা স্বীয় (সহীহ) গ্রন্থে হাদীছটি বর্ণনা করেছেন। ইবনু মাজাহও সংক্ষিপ্তভাবে বর্ণনা করে শেষে উল্লেখ করেনঃ রাসুলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "এবং এতে যেন কেউ ধোকা না খায়।"

নাসাঈর আর এক বর্ণনায় আছে- তিনি বলেনঃ

مَنْ أَتَمَّ الْوُصْنُوءَ كَمَا أَمَرَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ فَالصَّلَوَاتُ الْخَمْسُ كَفَّارَاتٌ لِمَا بَيْنَهُنَّ

"আল্লাহ যেভাবে আদেশ করেছেন সেভাবে যে ব্যাক্তি ওয়ু সম্পাদন করবে, তার পাঁচ ওয়াত্তু সালাত তার মধ্যবর্তী সমষ্ট্রয়র জন্য কাক্ফারা স্বরূপ হবে। (নাসাঈ ১৪৫)"[1]

(শায়খ আলবানী বলেনঃ হাদীছটি এ শব্দে ইমাম মুসলিমও রেওয়ায়েত করেন।)

ফুটনোট

[1] . অর্থাৎ যে ব্যক্তি পরিপূর্ণরূপে ওযু সম্পন্ন করে তার এক নামায আদায় করার পর যে পাপ হবে তা পরবর্তী নামায আদায় করলেই ক্ষমা হয়ে যাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন